দৈনিক সংবাদ

তারিখ 08 DEC 1995
পৃষ্ঠা ২ কলাম ৫

256

# ঢাকা বিশ্ববিদ্যালয় জামাতের দখলে যাবে না ঃ উপাচার্য

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ বলেছেন, অন্যান্য বিশ্ববিদ্যালয়ের চেয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গতিই আলাদা। এখানে জামাত–শিবিরের ঘাঁটি স্থাপন করার কথা আমরা চিন্তাই করতে পারি না।

তিনি বলেন, '৫২ থেকে আরম্ভ করে সকল গণতান্ত্রিক জাতীয় আন্দোলন আরম্ভ হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে। এখানকার ছাত্রছাত্রীরা অন্যান্য বিশ্ব-বিদ্যালয়ের চেয়ে বেশি সচেতন। সেজন্যে ঢাকা বিশ্ববিদ্যালয় জামাতের দখলে যাবে না বলে তিনি আশা প্রকাশ করেন। সম্প্রতি রোকেয়া হলে ছাত্র শিবিরের অঙ্গ সংগঠন ইসলামী ছাত্রী সংস্থার তৎপরতা বৃদ্ধির ফলে ছাত্রছাত্রী–শিক্ষকদের মধ্যে তীব্র প্রতিক্রিয়া হয়। এ ঘটনার পরিপ্রেক্ষিতে গতকাল বৃহস্পতিবার উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় একথা বলেন।

উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ বলেন, ১৯৮২–৮৩ সালের দিকে যখন কাঁটাবন মসজিদ নির্মাণ করা হয় তখন শর্ত ছিল এখানে নামাজ পড়া ছাড়া অন্য কোন কর্মকান্ড চালানো যাবে না; কিন্তু কাঁটাবন মসজিদ নির্মাণকারী কর্তৃপক্ষ সে শর্ত ভঙ্গ করে এখানে দোকানপাট করেছেন। তিনি বলেন, মসজিদ নির্মাণের সময় এখানে কোন হল ছিল না, ছিল কিছু বস্তি। সেজন্যে কাঁটাবন মসজিদ কর্তৃপক্ষ এখানে দোকানপাট করার সুযোগ পেয়েছেন। তিনি বলেন, এ ব্যাপারে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও রেজিস্ট্রারের ওপর রমনা এলাকায় উপ–কমিশনারের সঙ্গে যোগাযোগ করার দায়িত্ব দেয়া হয়েছে।